দৈনিক
জনকণ্ঠ

# স্কুল থেকে ভার্সিটিতে ভর্তি মৌসু
# প্রথম দিনেই ভিকারুননিসায় ৪ হাজার ফরম বিক্রি

মোশতাক আহমেদ ॥ দেশের ভয়াবহ অনিশ্চিত পরিস্থিতির মধ্যে শুরু হয়েছে স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ভর্তি কার্যক্রম। স্কুল এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করে ফরম বিতরণ শুরু হয়েছে সমান তালে। দেশের চরম উত্তেজনাকর রাজনৈতিক পরিস্থিতিতে কাঙ্ক্ষিত প্রতিষ্ঠানে ভর্তি নিয়ে শিশু থেকে শুরু করে এইচএসসি উত্তীর্ণ লাখ লাখ শিক্ষার্থী রীতিমতো শিক্ষার্থী ভর্তি জ্বরে ভুগছে। ভর্তি যুদ্ধের প্রস্তুতিও চলছে জোরেসোরে। ঘর থেকে শুরু করে কোচিং পর্যন্ত চলছে বিরামহীন প্রস্তুতি। প্রস্তুতি নিয়ে শিশুদের অবস্থা ত্রাহি মধুসূদন। বিশেষ করে শিশুদের মায়েদের টেনশন সবচেয়ে বেশি।

মেয়েদের জন্য সেরা বিদ্যাপীঠ রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজে প্রথম শ্রেণীর ভর্তি ফরম বিতরণের প্রথম দিনেই শনিবার যেমন ছিল উপচে পড়া ভিড়, তেমনি ভিড়ের মধ্যে অসুস্থ হয়েছেন একজন অভিভাবক। এখানে প্রথম দিনেই চার হাজার ফরম বিক্রি হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল, রাজশাহীসহ প্রায় বেশির ভাগ বিশ্ববিদ্যালয়ই ইতোমধ্যে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করে ভর্তি ফরম বিতরণ করছে। আগামী ১৭ নবেম্বর অনুষ্ঠিত হবে দেশের ১৪টি সরকারী মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২ ডিসেম্বর। ১ নবেম্বর থেকে ভর্তি ফরম বিতরণ শুরু হয়ে আগামী ১৬ নবেম্বর পর্যন্ত চলবে। অবরোধের আশঙ্কায় শনিবার ফরম জমা দিতেছিল উপচে পড়া ভিড়।

এবারে উচ্চ শিক্ষায় ভর্তির ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতা হবে। বিশেষ করে বিশ্ববিদ্যালয়, বুয়েট, মেডিক্যাল, বিআইটিতে (এখন স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়) সবচেয়ে বেশি প্রতিযোগিতা হবে। কারণ এসব শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের তুলনায় আসন সংখ্যা অনেক কম।

এবারে এইচএসসি পরীক্ষায় সাতটি বোর্ডে দুই লাখ ৬৩ হাজার তিন শ' আটান্ন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে কেবল জিপিএ-৫ পেয়েছে নয় হাজার চার শ' পঞ্চাশ শিক্ষার্থী। অর্থাৎ এরা সবাই প্রতিটি বিষয়ে গড়ে আশি নম্বরের উপরে পেয়েছে। জিপিএ-৪ থেকে ৫ পেয়েছে পঞ্চান্ন হাজার ছ'শ' তেরো শিক্ষার্থী। জিপিএ ৩ দশমিক ৫ থেকে ৪ পেয়েছে পঞ্চাশ হাজার তিন শ' আটষট্টি শিক্ষার্থী। এসব শিক্ষার্থীদের মূল টার্গেটই বুয়েট, মেডিক্যাল এবং

## অভিভাবকরা উদ্বিগ্ন

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ পাবলিক বিশ্ববিদ্যালয়ের দিকে। কিন্তু সিটের চেয়ে এসব মেধাবী পরীক্ষার্থীর সংখ্যা অনেকগুণ বেশি হওয়ায় তাদের ভর্তি পরীক্ষায় যুদ্ধ করেই আসন জয় করতে হবে। তাছাড়া সাত বোর্ডের পাশাপাশি মাদ্রাসা ও কারিগরি বোর্ডের অধীনস্থ এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের একটি অংশ সাধারণ শিক্ষায় প্রতিযোগিতা করবে। এই হিসেবে উচ্চ শিক্ষায় ভর্তি নিয়ে এবার তীব্র সঙ্কট সৃষ্টি হবে। কারণ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সর্বশেষ হিসেব অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয় বাদে পাবলিক বিশ্ববিদ্যালয়ে আসন রয়েছে মাত্র পঁচিশ হাজারের মতো। সরকারী মেডিক্যালের আসন সংখ্যা দুই হাজার ষাটটি। পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণীতে (অনার্স) সাড়ে চার হাজার আসন রয়েছে।

উচ্চ শিক্ষার পাশাপাশি স্কুল লেভেলেও ভর্তি যুদ্ধের ডাক শুরু



*ভর্তি ফরম সংগ্রহ করতে ভিকারুননিসা নূন স্কুলে অভিভাবকদের ভিড়* —জনক

হয়ে গেছে। নামীদামী বেসরকারী স্কুলগুলো ইতোমধ্যে ভর্তি কার্যক্রম শুরু করে দিয়েছে। মেয়েদের জন্য দেশের সেরা বিদ্যাপীঠ ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজে বাংলা মিডিয়ামের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হয়েছে শনিবার থেকে। ভর্তি বিতরণের প্রথম দিনেই মনে হয়েছে ভর্তি যুদ্ধটা বুঝি এখনই শুরু হয়ে গেছে। ফরম নিতে শিশুদের অভিভাবকদের উপচে পড়া ভিড় সামাল দিতে কর্তৃপক্ষকে রীতিমতো হিমশিম খেতে হয়েছে। শুধু কি তাই! অতিরিক্ত ভিড়ের কারণে এক অভিভাবক অসুস্থ

দাঁড়ানো নিয়ে অভিভাবকদের মধ্যে ঝগড়াও হয়েছে বারো শ' ষাটটি আসনের জন্য প্রথম দিনেই শনিবার ফ বিতরণ হয়েছে চার হাজারেরও বেশি। আগামী ১৬ নবে পর্যন্ত ফরম বিতরণ হবে। তবে রাজনৈতিক টালমাট অবস্থার কারণে যদি দেখা যায় ফরম বিতরণ সম্পূর্ণ হয় এবং অভিভাবকদের মধ্যে থেকে দাবি আসে তবে এই স বাড়ানোও হতে পারে। কলেজের অধ্যক্ষ রোয়েনা হোে বলেন, দরকার হলে সময় একদিন দু'দিন বাড়াতে পারি পরীক্ষার ব্যাপারে এখনও সময় ঠিক না করা গেলেও তি